

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল স্কুল (ইভি)

অর্ধ-বার্ষিক, ২০২৪

শ্রেণি: দ্বিতীয়

বিষয়: বাংলা

অধ্যায়: একুশের গান

নিচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলোর উত্তর লেখ।

আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি
ছেলে হারা শত মায়ের অশ্রু -গড়া এ ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি
আমার সোনার দেশের রক্তে রাঙানো ফেব্রুয়ারি
আমি কি ভুলিতে পারি।

১। শূন্যস্থান পূরণ কর:

- ক) আমার ভাইয়ের _____ রাঙানো একুশে ফেব্রুয়ারি। (রক্তে)
খ) আমি কি _____ পারি। (ভুলিতে)
গ) _____ হারা শত মায়ের। (ছেলে)
ঘ) আমার সোনার _____ রক্তে রাঙানো। (দেশের)

২। বাক্য গঠন:

- ক) একুশে ফেব্রুয়ারি: একুশে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।
খ) দেশ: আমার সোনার দেশ বাংলাদেশ।
গ) রক্তে: আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি।

৩। প্রশ্ন উত্তর:

- ক) “একুশের গান” কে লিখেছেন?
উ: “একুশের গান” আবদুল গাফফার চৌধুরী লিখেছেন।
খ) এ গান আমরা কখন গাই?
উ: এ গান আমরা একুশে ফেব্রুয়ারিতে গাই।
গ) গানটি আমরা কাদের স্মরণে গাই?
উ: গানটি আমরা ভাষা শহীদদের স্মরণে গাই।